# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৬৭

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৭. যুদ্ধে প্রাপ্য মালে গণীমতের অর্ধাংশ বা পূর্ণাঙ্গ প্রাপ্তির শর্তে যদি কেউ তার ভারবাহী পশু ভাড়া দেয়।

## باب فِي الرَّجُلِ يُكْرِي دَابَّتَهُ عَلَى النِّصْفِ أَوِ السَّهْمِ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الدِّمَشْقِيُّ أَبُو النَّضْرِ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ شُعَيْبٍ، أَخْبَرَنِي أَبُو زُرْعَةَ، يَحْيَى بْنُ أَبِي عَمْرٍو السَّيْبَانِيُّ عَنْ عَمْرِو بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّهُ حَدَّثَهُ عَنْ وَاثِلَةَ بْنِ الأَسْقَعِ، قَالَ نَادَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِي غَزْوَةِ تَبُوكَ فَخَرَجْتُ إِلَى أَهْلِي فَأَقْبَلْتُ وَقَدْ خَرَجَ أَوَّلُ صَحَابَةِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَطَفِقْتُ فِي الْمَدِينَةِ أُنَادِي أَلاَ مَنْ يَحْمِلُ رَجُلاً لَهُ سَهْمُهُ فَنَادَى شَيْخٌ مِنَ الأَنْصَارِ قَالَ لَنَا سَهْمُهُ عَلَى أَنْ نَحْمِلَهُ عَقَبَةً وَطَعَامُهُ مَعَنَا قُلْتُ نَعَمْ . قَالَ فَسِرْ عَلَى بَرَكَةِ اللَّهِ تَعَالَى . قَالَ فَخَرَجْتُ مَعَ خَيْرِ صَاحِبٍ حَتَّى أَفَاءَ اللَّهُ عَلَيْنَا فَأَصَابَنِي قَلاَئِصُ فَسُقْتُهُنَّ حَتَّى أَتَيْتُهُ فَخَرَجَ فَقَعَدَ عَلَى حَقِيبَةٍ مِنْ حَقَائِبِ إِبِلِهِ ثُمَّ قَالَ سُقْهُنَّ مُدْبِرَاتٍ . ثُمَّ قَالَ سُقْهُنَّ مُقْبِلاَتٍ . فَقَالَ مَا أَرَى قَلاَئِصَكَ إِلاَّ كِرَامًا ـ قَالَ ـ إِنَّمَا هِيَ غَنِيمَتُكَ الَّتِي شَرَطْتُ لَكَ . قَالَ خُذْ قَلاَئِصَكَ يَا ابْنَ أَخِي فَغَيْرَ سَهْمِكَ أَرَدْنَا .

বাংলা

২৬৬৭. ইসহাক ইবন ইবরাহীম দিমাশকী আবূ নযর (রহঃ) .... ওয়াসিলা ইবন আসকা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাবূক অভিযানে শরীক হওয়ার জন্য ঘোষণা দিলেন। তখন আমি আমার গৃহে গমন করি, (কিন্তু যুদ্ধে গমণের প্রস্তুতি কিছুই করতে পারিনি)। আমি সেখান থেকে ফিরে আসি (এবং দেখি যে) রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রথম দল বেরিয়ে পড়েছে। তখন আমি মদীনাতে এ বলে চিৎকার দিতে থাকিঃ এমন কেউ আছ কি যে এক ব্যক্তিকে তার বাহন সওয়ার করাবে এবং তার গণীমতের মাল সে নিয়ে নেবে?

তখন আনসারদের মধ্য হতে জনৈক বৃদ্ধ বললঃ আমি তার গণীমতের মাল এভাবে হাসিল করব যে, আমি তাকে আমার সাথে বহণ করব এবং তাকে আমার খানাও খাওয়াব। আমি বললামঃ আমি এতে রাযী আছি। তিনি

বললেনঃ তবে আস এবং আল্লাহর বরকতের উপর ভরসা করে রওয়ানা হও। রাবী বলেনঃ আমি অতি উত্তম সঙ্গীর সংগে রওয়ানা হলাম, এমনকি আল্লাহ্ আমাকে মালে-গণীমত প্রদান করেন এবং কয়েকটি তেজী উট আমার ভাগে পড়ে। আমি সেগুলোকে তাড়িয়ে নিয়ে সেখানে উপস্থিত হই।

তখন তিনি বেরিয়ে আসেন এবং তার উটের পালানোর শেষের দিকে আরোহণ করেন এবং বলেনঃ এ উটগুলোকে আমার দিকে পেঁছনে ফিরে হাঁটাও। এরপর তিনি বলেনঃ এগুলোকে আমার দিকে মুখ ফিরিয়ে হাঁটাও, (যাতে উটের সামনের ও পেছনের দিক ভালভাবে দেখা যায়)। তখন তিনি বলেনঃ তোমার উটগুলো আমার কাছে উত্তম মনে হচ্ছে। রাবী বলেনঃ বরং এতো আপনারই মালে-গণীমত, যার ব্যাপারে আমি আপনার সঙ্গে শর্ত করেছিলাম। তিনি বললেনঃ হে আমার প্রিয় ভাতিজা! তোমার উটগুলো তুমি নিয়ে যাও, তোমার গণীমতের ভাগ নয়, বরং এর পরিবর্তে (আখিরাতের সওয়াব-ই) আমার কাম্য।

## English

Narrated Wathilah ibn al-Asqa:

The Messenger of Allah (ﷺ) announced to go on expedition for Tabuk. I went to my family and then proceeded (on journey). The vanguard of the Companions of the Messenger of Allah (ﷺ) had already proceeded. So I began to announce loudly in Medina: Is there anyone who takes a man on his ride, and he will get his share (from the booty? An old man from the Ansar (Helpers) spoke loudly: We shall have his share if we take him with us on our mount by turns, and he will have his meal with us. I said: Yes. He said: So go on journey with Allah's blessing. I then proceeded along with my best companion and Allah gave us booty. Some she-camels were given to me as my share of booty. I drove them till I reached him. He came out and sat on the rear part of the saddle of his camel. He then said: Drive them backward. He again said: Drive them forward. He then said: I find your she-camels very gentle. He said: This is your booty which I stipulated for you. He replied: Take your she-camels, my nephew; we did not intend (to get) your portion.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=34775

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন